

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী  
publiclibrary.rajshahidiv.gov.bd

স্মারকঃ ৪৩.২৬.৫০০০.০০১.২৩.০৩৩.১৯-৮৭৫(১০০)

তারিখঃ ১০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারি ২০২২ খ্রি:

**শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে রচনা প্রতিযোগিতা**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী এর উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ উপলক্ষে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নিম্নবর্ণিত যোগ্যতা ও চাহিদা অনুযায়ী আগ্রহীদের অংশগ্রহণের আহবান জানানো হচ্ছে।

**রচনা প্রতিযোগিতার বিস্তারিত**

ক্র. নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	সর্বস্তরে মাতৃভাষার প্রচলন	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	অনুবাদ সাহিত্যে বাংলা ভাষা	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বাংলা ভাষা প্রতিষ্ঠায় ভাষা শহিদদের অবদান	১৮০০
৫.	ঙ	বিশেষ (প্রতিবন্ধী)	বাংলা ভাষা প্রতিষ্ঠায় জাতির পিতার অবদান	১০০০
রচনা জমা দেয়ার শেষ তারিখ আগামী ১৫-০২-২০২২ রোজ মঙ্গলবার, বিকেল ৫টা				

**শর্তাবলীঃ**

১. রচনা অবশ্যই A4 সাইজের সাদা কাগজের এক পৃষ্ঠায় স্বহস্তে লিখতে হবে। রচনা প্রতিযোগিতার খাতার প্রথম পাতায় অবশ্যই প্রতিযোগীর নিজ নাম, পিতা ও মাতার নাম, শ্রেণি, শিক্ষা প্রতিষ্ঠান/ঠিকানা, মোবাইল নম্বর থাকতে হবে।
২. সর্বসাধারণ গ্রুপ ছাড়া অন্য সকল গ্রুপের সকল প্রতিযোগীকে অবশ্যই রচনার সাথে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র দিতে হবে। সর্বসাধারণ গ্রুপের প্রতিযোগীরা জাতীয় পরিচয়পত্রের অনুলিপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিবে।
৩. রচনা জমা দেয়ার শেষ সময় ১৫-০২-২০২২। স্বহস্তে লিখিত রচনা প্রয়োজনে ডাকযোগে পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী ঠিকানায়ও প্রেরণ করা যাবে এবং তা ১৫-০২-২০২২ তারিখের মধ্যে পৌঁছানো হবে।
৪. রচনা জমা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ০১৭১৮-৭০৯৪৯২, ০১৭২৪-৫৯৫৩৭৭ ও ০৭২১-৭৭২৬৩৪ নম্বরে যোগাযোগ করা যাবে।

**অনুলিপিঃ সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতাক্রমে নয়)**

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী।
৩. প্রাপকঃ রেজিস্ট্রার/অধ্যক্ষ/প্রধানশিক্ষক/সুপার/অফিসপ্রধান/সম্পাদক/পরিচালক

.....রাজশাহী

৪. অফিস কপি।

স্বাক্ষরিত/২৪-০১-২০২২

(মোঃ মাসুদ রানা)

সহকারী পরিচালক

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রাজশাহী

টেলিফোনঃ ০৭২১-৭৭২৬৩৪

rajshahidpl@gmail.com